

# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 24 May, 2025

দেশের বিনোদন অঙ্গনের সবচেয়ে জমকালো আয়োজন মেরিল-প্রথম আলো পুরস্কারের ২৬তম আসর বসে গত শুক্রবার। রাজধানীর বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলনকেন্দ্রে বিকেল থেকে এদিন তারকাদের পদচারণে জমে ওঠে লালগালিচা।

মেরিল-প্রথম আলো পুরস্কার ২০২৪-এর তারকা জরিপে সেরা চলচ্চিত্র অভিনেতা হয়েছেন মেগাস্টার শাকিব খান। রায়হান রাফী পরিচালিত ‘তুফান’ চলচ্চিত্রে অভিনয়ের জন্য এই পুরস্কার পেয়েছেন তিনি। শুধু তাই নয়, বাংলা সিনেমায় ২৫ বছর পার করেছেন শাকিব খান। তাই অভিনয়ের রজতজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ সম্মাননা পেয়েছেন নায়ক।

এদিন শাকিব খানের হাতে বর্ণাঢ্য কর্মজীবনের রজতজয়ন্তীর বিশেষ সম্মাননা স্মারক তুলে দেন স্কয়ার টয়লেট্রিজের ব্যবস্থাপনা পরিচালক অঞ্জন চৌধুরী ও নির্মাতা মতিন রহমান। এরপর সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় শাকিব খান কথা বলেন নিজের দীর্ঘ ক্যারিয়ার, উত্থান-পতনসহ নানা প্রসঙ্গে।

শাকিব খান বলেন, ‘নিজের চেনা মুখগুলোকেই পালটে যেতে দেখেছি। অবাক হয়েছি, দুঃখিত হয়েছি। ভেবেছি হয়তো এখানেই শেষ, ইতি টানতে হবে। আবার ভেবেছি যাওয়ার আগে লাস্ট একটা ট্রাই তো করে যাই, এতগুলো বছর মানুষগুলো আমাকে ভালোবাসলো, একটা ট্রাই করে যাই। নাহলে চলে যাব, ছেড়ে দিব চলচ্চিত্র। শূন্য হাতে এসেছিলাম, যা পেয়েছি অনেক।

নিজের খারাপ সময়ের কথা উল্লেখ করে শাকিব খান বলেন, ‘একসময় যখন হতাশ হয়ে যেতাম, ভাবতাম সত্যি হয়তোবা আমাকে দিয়ে আর কিছুই হবে না। আপনাদের হয়তো কারও কারও মনে থাকতে পারে, কিছুদিন আগে কিছু ডিজাস্টারের কারণে আমেরিকা থেকে যখন এসেছি, নিজের আপন মানুষকেই বলতে শুনেছি ‘তোমার দিন শেষ শাকিব’।

মেরিল-প্রথম আলো বাংলাদেশ চীন-মৈত্রী

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 10:16

URL: <https://www.timestodaybd.com/public/entertainment/2846775807>